

## জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজে অনার্সের নতুন বিধিমালা জারি

### নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে অনার্স পর্যায়ের সব শিক্ষার্থীর জন্য মেডিং পদ্ধতিতে প্রমোশনসহ সংশ্লিষ্ট বিষয়ে নতুন বিধিমালা জারি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সার্বিক শিক্ষার পরিবেশ ও শিক্ষার্থীদের কৰা বিবেচনা করে মেডিং পদ্ধতিতে প্রমোশনসহ অন্যান্য বিষয়ে নিয়মনীড়িকে যুগোপযোগী ও আধুনিক করা হয়েছে।

নতুন নিয়ম অনুসারে বিশ্ববিদ্যালয়ের 'বিএ' 'বিবিএস' ও 'বিএসএসেস'র ক্ষেত্রে প্রথম বর্ষ থেকে দ্বিতীয় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে তিনটি তৃতীয় কোর্সে ন্যূনতম 'ডি' গ্রেড পেতে হবে। দ্বিতীয় বর্ষ থেকে তৃতীয় বর্ষে ৫০ শতাংশ কোর্সে অর্থাৎ ন্যূনতম তিনটি তৃতীয় কোর্সে 'ডি' গ্রেড।

নতুন : পৃষ্ঠা : ২ ক : ৭

### নতুন : বিধিমালা

(১৬ পৃষ্ঠার পর)

তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য ৫০ শতাংশ কোর্সে অর্থাৎ ন্যূনতম চারটি তৃতীয় কোর্সে 'ডি' গ্রেড পেতে হবে শিক্ষার্থীদের।

বিএসসি-তে প্রথম-বর্ষ থেকে দ্বিতীয় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তৃতীয় কোর্সে ন্যূনতম 'ডি' গ্রেড, দ্বিতীয় বর্ষ থেকে তৃতীয় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তৃতীয় কোর্সে ন্যূনতম 'ডি' গ্রেড, তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৪টি তৃতীয় কোর্সে ন্যূনতম 'ডি' গ্রেড পেতে হবে।

অন্যান্য বিধানের মধ্যে আছে- প্রথম, দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ বর্ষে 'এফ' গ্রেড পাওয়া কোর্সগুলো ভর্তির হয় শিক্ষাবর্ষের মধ্যে অবশ্যই 'ডি' বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। 'এফ' গ্রেড প্রাপ্ত কোর্স পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন, একজন পরীক্ষার্থী সর্বোচ্চ ই+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

প্রসঙ্গত, কোন একটি কোর্সেও শেষ পর্যন্ত 'এফ' গ্রেড থাকলে পরীক্ষার্থী অনার্স ডিগ্রি পাবে না। তবে গ্রেজুয়েশন মেয়াদ শেষে কোন পরীক্ষার্থী একাধিক 'এফ' গ্রেডসহ ন্যূনতম ১০০ ক্রেডিট অর্জন করলে তাকে পাস ডিগ্রি প্রদান করা হবে।

২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পর থেকে স্নাতক (সম্মান) শ্রেণীর প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষের প্রত্যেক তৃতীয় কোর্সের ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স পরীক্ষা ২০ নম্বরে এবং তৃতীয় ফাইনাল পরীক্ষা ৮০ নম্বরে অনুষ্ঠিত হবে।

২০০৯-১০ শিক্ষাবর্ষের জন্য তৃতীয় ও চতুর্থ বর্ষে, ২০১০-১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষের তৃতীয় কোর্সে প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স পরীক্ষা ২০ নম্বরে এবং তৃতীয় ফাইনাল পরীক্ষা ৮০ নম্বরে অনুষ্ঠিত হবে।

প্রত্যেক বর্ষের ক্লাস টেক থেকে ১৫ সপ্তাহের মধ্যে প্রতিটি কোর্সের অর্ধেক পাঠ্যসূচি শেষ করে, সেই অংশের ওপর কোর্স গিডককে একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে।

২০১২-১৩ শিক্ষাবর্ষে একইভাবে পরবর্তী ১৫ সপ্তাহের মধ্যে পাঠ্যসূচির বাকি অংশ শেষ করে এ অংশের ওপর আরও একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। উভয়পক্ষে মূল্যায়ন করে ইন-কোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বরের এক কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠাতে হবে এবং

এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।